

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সমবার, জুলাই ০১, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ, ১৭আগস্ট, ১৪২০ বঙ্গাব্দ/ ০১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ।

এস, আর, ও নং ২১২-আইন/আয়কর/২০১৩।- Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ২২ আগস্ট, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৬ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৩৬-আইন/আয়কর/২০১১ রহিতক্রমে, Private Sector Power Generation Policy of Bangladesh এ নির্ধারিত সকল শর্ত পূরণ সাপেক্ষে, উক্ত Policy তে বর্ণিত ব্যবস্থা অনুসারে, দেশের যে সকল Private Power Generation কোম্পানীর (কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদনকারী কোম্পানী ব্যতীত) বাণিজ্যিক উৎপাদন ১ জানুয়ারি ২০১৫ বা তৎপরবর্তিতে আরম্ভ হইবে, সেই সকল Private Power Generation কোম্পানীর বিদ্যুৎ উৎপাদন ব্যবসা হইতে অর্জিত আয়কে নিম্নবর্ণিত হারে ও শর্তে আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

কর অব্যাহতির মেয়াদ	কর অব্যাহতির হার
বাণিজ্যিক উৎপাদন শুরু হইতে প্রথম পাঁচ বৎসর পর্যন্ত (প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বৎসর)	১০০%
পরবর্তী তিন বৎসর পর্যন্ত (ষষ্ঠ, সপ্তম ও অষ্টম বৎসর)	৫০%
পরবর্তী দুই বৎসর পর্যন্ত (নবম ও দশম বৎসর)	২৫%

২। দফা ১ এ বর্ণিত কোম্পানীকে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত Ordinance এর section 75 এ বর্ণিত নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সৈয়দ মোঃ আমিনুল করিম)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)